



# বর্ডার গার্ড বাংলাদেশের ষাটমিক প্রকাশনা বিজিবি বুলেটিন



● প্রথম বর্ষ

● ৩য় সংখ্যা

● চৈত্র ১৪২৬

● এপ্রিল ২০২০

## সূচিপত্র:

কারিগরি পরিদর্শন

বিজিবি কর্তৃক ত্রাণ বিতরণ

উচ্চ শিক্ষা বিল প্রদান

করোনা ইউনিট প্রস্তুত

করোনা ভাইরাস  
প্রতিরোধকল্পে সচেতনতা  
মূলক ব্যানার স্থাপন

বিজিবি সদস্যদের টহল  
কর্মক্রম পরিচালনা

প্রশিক্ষণ কার্যক্রম

অত্যাধুনিক দ্রুত গতিসম্পন্ন  
ইন্টারসেপটোর জনলযান

করোনা ভাইরাস সংক্রমণ ও  
প্রতিরোধমূলক ব্যবস্থা

পিপিই পরিধান করে  
চিকিৎসা সেবা প্রদান

ছুটি হতে আগত বিজিবি  
সদস্যদের হোম  
কোয়ারেন্টিনে অবস্থান

## কারিগরি পরিদর্শন



গত ২১ এপ্রিল ২০২০ তারিখে সেক্টর সদর দপ্তর, ঢাকা এর কারিগরি পরিদর্শন করেন বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল মোঃ সাফিনুল ইসলাম, বিজিবিএম (বার), এনডিসি, পিএসসি।

## বিজিবি কর্তৃক ত্রাণ বিতরণ



২৬ এপ্রিল ২০২০ তারিখে বলিপাড়া ব্যাটালিয়ন (৩৮ বিজিবি) কর্তৃক দুর্গম পাহাড়ী এলাকায় বসবাসরত দুস্থ অসহায় ও কর্মহীনদের বাড়িতে ত্রাণ সামগ্রী বিতরণ করা হয়।

## উচ্চশিক্ষা বিল প্রদান

বিজিবি সদস্যদের উচ্চ শিক্ষা বাবদ অর্থ প্রদান : বিজিবিতে কর্মরত পোশাকধারী সদস্যগণ উচ্চ শিক্ষা সংক্রান্ত নীতিমালা মোতাবেক প্রশিক্ষণ, প্রশাসনিক ও অপারেশনাল কার্যক্রমের পাশাপাশি বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস (বিইউপি) এবং বেসামরিক কলেজের মাধ্যমে গাজুয়েশন ডিগ্রি অর্জন করছে। যার ফলে বিজিবির সকল সদস্যের মনোবলে ইতিবাচক প্রভাব ফেলেছে বলে প্রতীয়মান। উচ্চ শিক্ষা গ্রহণ উপলক্ষে ২০২০ সালের মার্চ কোয়ার্টারে ১৯৩ জন বিজিবি সদস্যকে রেজিস্ট্রেশন/পরীক্ষা ফি বাবদ প্রশিক্ষণ পরিদপ্তরের তহবিল হতে ২১,০০,০২৯ /-(একুশ লক্ষ উনত্রিশ) টাকা প্রদান করা হয়েছে

ই মেইল :  
bgbbulletin@gmail.com

ওয়েব সাইট :  
www.bgb.gov.bd

## করোনা ইউনিট প্রস্তুত



অপ্রত্যাশিত পরিস্থিতি মোকাবেলার জন্য শহীদ বীর উত্তম ফজলুর রহমান খন্দকার মিলনায়তনকে আধুনিক সকল চিকিৎসা সুবিধাসহ প্রয়োজনীয় সংখ্যক বেড স্থাপন করে করোনা রোগীদের চিকিৎসার জন্য একটি পূর্ণাঙ্গ করোনা ইউনিট প্রস্তুত করা হয়েছে।

## করোনা ভাইরাস প্রতিরোধকল্পে সচেতনতা মূলক ব্যানার স্থাপন

নীলডুমুর ব্যাটালিয়ন (১৭ বিজিবি) এর মেইন গেইটে প্রবেশকালে নির্দিষ্ট স্থানে হাত ধৌত এবং করোনা ভাইরাস প্রতিরোধকল্পে সচেতনতা মূলক ব্যানার স্থাপন করা হয়েছে।



## বিজিবি সদস্যদের টহল কার্যক্রম পরিচালনা



করোনা ভাইরাস পরিস্থিতির মধ্যেও বিজিবি সদস্যগণ দেশের সীমান্ত সুরক্ষার জন্য সচেতনতার সহিত টহল কার্যক্রম পরিচালনা করছে।

## প্রশিক্ষণ কার্যক্রম

বর্ডার গার্ড ট্রেনিং সেন্টার এন্ড কলেজে অনুষ্ঠিত এমজি কোর্সের ছাত্রদের গত ২৪ এপ্রিল ফায়ারিং অনুশীলনের দৃশ্য।



## অত্যাধুনিক দ্রুত গতিসম্পন্ন ইন্টারসেপটোর জনলযান

বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) তে সংযোজিত হয়েছে ৪টি অত্যাধুনিক দ্রুত গতিসম্পন্ন ইন্টারসেপটোর জলযান। সিলভারক্রাফট ৪০ মডেলের রিইনফোর্সড পলিমারের তৈরি ৪০ ফুট দীর্ঘ ৭৫০ হর্সপাওয়ারের তিন ইঞ্জিনের প্রতিটি জলযান ৩৩ জন সৈন্য ধারণে সক্ষম এবং এর গতিবেগ ঘণ্টায় ৫৫ নটিক্যাল মাইল বা ১০১ কিলোমিটার। এই জলযান সমূহ যেকোন দুর্যোগপূর্ণ আবহাওয়ায় চলাচলে সক্ষম এবং এতে সংযোজিত আছে স্বয়ংক্রিয় মেশিনগান সংযুক্তির সুবিধাসহ উন্নত প্রযুক্তির স্যাটেলাইট ন্যাভিগেশন সিস্টেম (RADAR), চতুর্থ প্রজন্মের জিপিএস, আধুনিক সোনার সিস্টেম (SONAR) এবং আরও অনেক অত্যাধুনিক সরঞ্জাম।



এই জলযানসমূহ নিজস্ব অবস্থান হতে ৫০ কিলোমিটার দূরত্বে শত্রুর জলযান এর অবস্থান নিশ্চিত করতে পারে। এই জলযানসমূহে দুইজন মুমূর্ষ রোগী পরিবহনেরও ব্যবস্থা রয়েছে। বাংলাদেশের ৪,১৮৪ কিলোমিটার স্থল সীমান্তের পাশাপাশি ভারতের সাথে ১৮০ কিলোমিটার নৌ সীমান্ত এবং মায়ানমারের সাথে ৬৩ কিলোমিটার নৌ সীমান্ত বিজিবি প্রত্যক্ষভাবে নিয়ন্ত্রণ এবং টহল করে। এছাড়াও ২০১৯ সাল হতে প্রধানমন্ত্রীর নির্দেশে সেন্টমার্টিন দ্বীপ এর স্থলভাগের সার্বিক নিরাপত্তায় বিজিবি নিয়োজিত। আন্তর্জাতিক অপরাধীদের নিত্য নতুন কৌশন অবলম্বন, মানবপাচার, চোরালান, ইয়াবাসহ মাদক পাচারে চোরাকারবারীদের অপতৎপরতা বৃদ্ধি এবং চলাচল রোহিঙ্গা পরিস্থিতি কারণে নাফ নদী সংলগ্ন সীমান্ত কার্যকরভাবে নিয়ন্ত্রণে রাখা একটি চ্যালেঞ্জ।



## করোনা ভাইরাস সংক্রমণ ও প্রতিরোধমূলক ব্যবস্থা



ছোটহরিণা ব্যাটালিয়ন (১২ বিজিবি) করোনা ভাইরাস সংক্রমণ ও প্রতিরোধকল্পে বিজিবি সদস্যগণ টহল হতে প্রত্যাবর্তনের পর তাদের শরীর জীবাণুনাশক স্প্রে দ্বারা জীবাণুমুক্ত করা হয়।

## পিপিই পরিধান করে চিকিৎসা সেবা প্রদান

বর্ডার গার্ড হাসপাতাল, ঢাকায় আইসিইউতে যথাযথ পিপিই পরিধান করে চিকিৎসা সেবা প্রদান করছেন চিকিৎসকগণ।



## ছুটি হতে আগত বিজিবি সদস্যদের হোম কোয়ারেন্টিনে অবস্থান



মহেশপুর ব্যাটালিয়ন (৫৮ বিজিবি) করোনা ভাইরাস সংক্রমণ ও প্রতিরোধকল্পে ছুটি হতে আগত বিজিবি সদস্যরা হোম কোয়ারেন্টিনে অবস্থানরত।